

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৬  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.lawjusticediv.gov.bd

নম্বর: ১০.০০.০০০০.১৩০.২৭.০০২.২০(অংশ)-৯৬

তারিখ: ১৪ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ  
২৭ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, মানিকগঞ্জ জেলার জেলা রেজিস্ট্রার (সাময়িক বরখাস্তকৃত) জনাব গোলাম মাহাবুব (সাবেক জেলা রেজিস্ট্রার, রাজবাড়ী) এর বিরুদ্ধে চাকরি দেওয়ার নামে টাকা-পয়সা লেনদেন এর অভিযোগের বিষয়ে তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে চাকরি দেওয়ার নামে টাকা-পয়সা লেনদেন এর অভিযোগ প্রাথমিকভাবে সত্য মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ঘ) অনুযায়ী 'দুর্নীতি' এর অভিযোগে ০৩/২০২০ নং বিভাগীয় মামলা দায়েরসহ এ বিভাগের গত ২৭-১২-২০২০ খ্রি. তারিখের ২৪০ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারির মাধ্যমে তাঁকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ০৭-০২-২০২২ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করলে গত ২০-০৭-২০২২ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং শুনানীতে প্রদত্ত তাঁর মৌখিক বক্তব্য ও লিখিত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা ও উপস্থাপনকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু তদন্তকারী কর্মকর্তা কর্তৃক গত ১৭-১১-২০২২ খ্রি. তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ঘ) ধারার অভিযোগ প্রমাণিত হয় নাই মর্মে মতামত প্রদান করা হয়; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজাদি পর্যালোচনাতে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ঘ) অনুযায়ী 'দুর্নীতি' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে একই বিধিমানার বিধি ৭(৮) অনুযায়ী উক্ত ০৩/২০২০ নং বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, মানিকগঞ্জ জেলার জেলা রেজিস্ট্রার (সাময়িক বরখাস্তকৃত) জনাব গোলাম মাহাবুব (সাবেক জেলা রেজিস্ট্রার, রাজবাড়ী)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(ঘ) অনুযায়ী 'দুর্নীতি' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে একই বিধিমানার বিধি ৭(৮) অনুযায়ী ০৩/২০২০ নং বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(মোঃ গোলাম সারওয়ার)  
সচিব

নম্বর: ১০.০০.০০০০.১৩০.২৭.০০২.২০(অংশ)-৯৬


তারিখ: ২৭-০২-২০২৩ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ নং আব্দুল গণি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রী মহোদয় এর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয় এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

ক্রমশঃ

- ০৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৬। জেলা রেজিস্ট্রার, মানিকগঞ্জ।
- ০৭। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মানিকগঞ্জ।
- ০৮। জন্মের গোলাম মাহাবুব, প্রাক্তন জেলা রেজিস্ট্রার, মানিকগঞ্জ (বর্তমানে সংযুক্ত কর্মকর্তা, নিবন্ধন অধিদপ্তর, ঢাকা)।
- ০৯। প্রোথামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অফিস কপি/গার্ড ফাইল।



(মো: শফিউল আলম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৪১০৫২১৭২